# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৬৭

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

আরবী

وَعَنْ أَنَسٍ
عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «يَا أَبَا ذَرٍّ أَلَا أَدُلُّكَ عَلَى خَصْلَتَيْنِ هُمَا أَخَفُّ عَلَى الظَّهْرِ وَأَثْقَلُ فِي الْمِيزَانِ؟» قَالَ: قُلْتُ: بَلَى. قَالَ: «طُولُ الصَّمْتِ وَحُسْنُ الْخُلُقِ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ مَا عَمِلَ الْخَلَائِق بمثلهما»

বাংলা

৪৮৬৭-[৫৬] আনাস (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ হে আবূ যার! তোমাকে কি এমন দু’টো স্বভাবের কথা বলব, যে স্বভাব দু’টি পিঠে খুব হাল্কা; কিন্তু পাপ-পুণ্যের পাল্লায় খুব ভারী? আমি বললামঃ জ্বী বলুন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ দীর্ঘ নিরবতা ও উত্তম ব্যবহার। যে সত্তার হাতে আমার প্রাণ তাঁর কসম! বান্দা এ দু’টো কাজের মতো উত্তম আর কোন কাজ করে না।[1]

ফুটনোট

[1] খুবই দুর্বল : শু‘আবুল ঈমান ৮০০৬, মুসনাদে আবূ ইয়া‘লা ৩২৯৮, য‘ঈফ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৬০১।

হাদীসটি য‘ঈফ হওয়া কারণ, এর সনদে ‘‘আবূ বকর’’ নামের একজন বর্ণনাকারী আছে, তার আসল নাম বাশ্শার ইবনুল হাকাম ইবনু ‘আদী তাঁর ‘‘আল কামিল’’ নামক কিতাবে ২/২৩ পৃষ্ঠাতে বলেন, সে একজন বাসরার অধিবাসী। সে সাবিত আল বুনানী ও অন্যান্যদের থেকে হাদীস মুনকার করত। দেখুন- সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ২৯৯৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (يَا أَبَا ذَرٍّ أَلَا أَدُلُّكَ عَلٰى خَصْلَتَيْنِ هُمَا أَخَفُّ عَلَى الظَّهْرِ) হে আবূ যার! আমি কি তোমাকে এমন দু’টি স্বভাবগত ‘আমলের সন্ধান দিব যা পালনকারীর পক্ষ শরীরে বা মুখে বহন করা খুবই সহজ এবং ওজনের পাল্লায় খুবই ভারী হবে।

‘আল্লামা ত্বীবী (রহিমাহুল্লাহ) বলেনঃ বোধগম্য বিষয়কে বাস্তবতার সাথে উপমা দিয়ে বলেছেন যাতে গ্রহণ করা খুবই সহজ হয়। যেমনটি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম অন্যত্র বলেছেন- كَلِمَتَانِ خَفِيفَتَانِ عَلَى اللِّسَانِ ثَقِيلَتَانِ فِي الْمِيزَانِ দু’টি বাক্য মুখে উচ্চারণ করা খুবই সহজ এবং ওজনের পাল্লায় খুবই ভারী। (বুখারী ও মুসলিম)

(قَالَ: قُلْتُ: بَلٰى) তিনি বলেন- আমি বললাম, (হে আল্লাহর রসূল!) অবশ্যই আমাকে বলুন। তিনি বললেন- (طُولُ الصَّمْتِ وَحُسْنُ الْخُلُقِ) নিরবতা পালন করা এবং উত্তম চরিত্রে চরিত্রবান হওয়া। এরপর তিনি বললেন, সেই সত্ত্বার শপথ যার হাতে আমার প্রাণ সৃষ্টিকুলের মাঝে এটি ‘আমলের মতো ‘আমল আর নেই।

ইবনু আবুদ্ দুন্ইয়া (রহিমাহুল্লাহ) সফওয়ান ইবনু সালিম থেকে মুরসাল সূত্রে বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ :أَلَا أُنَبِّئُكَ بِأَمْرَيْنِ خَفِيفٌ أَمْرُهُمَا عَظِيمٌ أَجْرُهُمَا لَمْ تَلْقَ اللهَ عَزَّ وَجَلَّ بِمِثْلِهِمَا طُولُ الصَّمْتِ وَحُسْنُ الْخُلُقِ আমি কি তোমাদেরকে অতি সহজ দু’টি ‘ইবাদাতের সন্ধান দিব না? যা শরীরের পক্ষ বহন করা খুবই সহজ এবং তাদের সাওয়াব অনেক বেশী। আল্লাহর নিকট তার মতো আর কিছু পাবে না, তা হলো নিরবতা এবং উত্তম চরিত্র। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75591

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন